# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ২৮৯৮

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ৮. তৃতীয় অনুচ্ছেদ - খাদ্যদ্রব্য গুদামজাত করা

### আরবী

وَعَنْ أَبِي أُمَامَةَ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «مَنِ احْتَكَرَ طَعَامًا أَرْبَعِينَ يَوْمًا ثُمَّ تَصَدَّقَ بِهِ لَمْ يَكُنْ لَهُ كَفَّارَةً» . رَوَاهُ رزين

### বাংলা

২৮৯৮-[৭] আবূ উমামাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি চল্লিশ দিন পর্যন্ত খাদ্যজাত দ্রব্য গুদামজাত করে রাখবে, সে তার এ মাল দান-খয়রাত করে দিলেও তার জন্য যথেষ্ট (কাফফারা) হবে না। (রযীন)[1]

### ফুটনোট

[1] মাওযূ‘ বা বানায়োট : য‘ঈফাহ্ ৮৫৯। কারণ এর সনদে মুহাম্মাদ বিন মারওয়ান একজন মিথ্যুক রাবী।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: ‘আল্লামা ত্বীবী (রহঃ) বলেন, (بِهٖ) -এর (ه) সর্বনামটি (طَعَام) এর দিকে প্রত্যাবর্তনশীল। গুদামজাতকৃত খাদ্য থেকে সাদাকা বা দান করাও যাবে না। ইবনু ‘আসাকির (রহঃ) মা‘আয থেকে বর্ণনা করেছেন, যে ব্যক্তি আমার উম্মাতের ওপর খাদ্য গুদামজাত করবে ৪০ দিন যাবৎ এবং তার দ্বারা যদি সে দান করে তবে তার দান কবুল হবে না। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ উমামাহ্ বাহিলী (রাঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68225

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন